ইত্তেফাক

14

# কলেজে ভর্তি সমস্যা এবার আরও প্রকট

(ইত্তেফাক রিপোর্ট)

রাজধানীর ভালো কলেজে এবারে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তির চাপ গতবারের তুলনায় অনেক বেশী হইবে। এস.এসসি. পরীক্ষায় রেকর্ডসংখ্যক ছাত্রের উত্তীর্ণ হওয়া ও সীমিত আসনের কারণে নটরডেম কলেজ, ঢাকা কলেজ, হলিক্রস, বদরুন্নেসা ও ইডেন কলেজে ভর্তি সমস্যা প্রকট হইয়া দেখা দিবে।

নটরডেম কলেজে এইবার ভর্তির ভিড় রেকর্ড সৃষ্টিকারী বলিয়া কলেজ অফিসসূত্রে জানা যায়। এই কলেজে গত ৬ই আগষ্ট হইতে মঙ্গলবার পর্যন্ত ভর্তি ফরম বিতরণ করা হয়। গতকাল (বুধবার) ছিল ভর্তি ফরম জমা দেওয়ার শেষ তারিখ। ইতিমধ্যে বিজ্ঞান শাখায় পৌনে সাতশত আসনের জন্য প্রায় ৩ হাজার ৩ শত ফরম জমা পড়িয়াছে। বাণিজ্য শাখায় ৩ শত আসনের জন্য ফরম বিলি হইয়াছে প্রায় ৮ শত। কলা শাখায় ফরম নিয়াছেন প্রায় ৫ শত জন, আসন সোয়া দুইশত। উল্লেখ্য যে, এই কলেজে ভর্তি পরীক্ষার ফিস নির্ধারণ করা হইয়াছে চল্লিশ টাকা হারে। কলেজের জনপ্রিয়তার কারণে মোট ১২শত আসনের জন্য উহার প্রায় চারগুণ প্রার্থী ফরম নিয়াছেন। কলেজে বর্তমানে (প্রথম বর্ষ বাদে) ছাত্রসংখ্যা প্রায় ১ হাজার আর মোট শিক্ষক চল্লিশ। কলেজে উচ্চ মাধ্যমিক প্রথম বর্ষে বিজ্ঞান শাখার লিখিত ভর্তি পরীক্ষা আজ (বৃহস্পতিবার) এবং মানবিক ও বাণিজ্য শাখার

(শেষ পৃঃ ৮-এর ২ কঃ দ্রঃ)

## ভর্তি সমস্যা

(শেষ পৃঃ পর)

হইবে ১২ই ও ১৩ই সেপ্টেম্বর। ঢাকা বোর্ড হইতে ১৪ই সেপ্টেম্বরের মধ্যে ভর্তির কাজ সম্পন্ন করার নির্দেশ দেওয়া হইয়াছে। এই কলেজে ভর্তি ফরম জমাদানের ন্যূনতম যোগ্যতা মানবিক শাখায় শুধু দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ, বাণিজ্য শাখায় কমপক্ষে ৫ শত নম্বরপ্রাপ্ত এবং বিজ্ঞান শাখায় সর্বনিম্ন সাড়ে ৬ শত নম্বরপ্রাপ্ত হইতে হইবে। মঙ্গলবার বদরুন্নেসা মহিলা কলেজের সহিত যোগাযোগ করিলে সেখান হইতে জানান হয়, এ মাসের ২৭/২৮ তারিখের দিকে নূতন বর্ষে ভর্তির ব্যাপারে নোটিস দেওয়া হইবে, ভর্তি কর্মসূচী এখনও চূড়ান্ত হয় নাই। এই কলেজে বিজ্ঞান ও মানবিক শাখার প্রতিটিতে তিনশত অনুমোদিত আসন রহিয়াছে। তবে গত বছর মানবিক শাখায় প্রথম বর্ষে অনুরোধের ঢেঁকি গিলিতে গিলিতে তিনশত আসনের ক্ষেত্রে প্রায় একশত অতিরিক্ত ভর্তি করিতে হয়। এইবার আসনের চাইতে কিছুটা অতিরিক্ত ভর্তির ব্যাপারে কর্তৃপক্ষ অনেকখানি প্রস্তুত। এই কলেজে বাণিজ্য শাখা নাই।

উচ্চ মাধ্যমিক শিক্ষা পরিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা এই রিপোর্টারকে জানান, সরকারী-বেসরকারী মোট ৬ শত ৬৫টি কলেজে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য এই তিনটি শাখায় তিন লাখ হইতে সোয়া তিন লাখের মধ্যে ছাত্র-ছাত্রী ভর্তি সম্ভব। সরকারী কলেজের সংখ্যা শীঘ্রই ১ শত ৭২ টিতে পৌছিবে। উল্লেখ্য, এই বছর এস. এস. সি উত্তীর্ণ ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রায় ২ লাখ ৪১ হাজার। মোহাম্মদপুরস্থ রেসিডেন্সিয়াল মডেল কলেজে আগামী ২৭শে আগষ্ট সকাল ৯ টায় লিখিত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। বিজ্ঞান শাখায় শতকরা সত্তর নম্বর এবং মানবিক শাখায় শতকরা ৪৫ নম্বর প্রাপ্তি হইতেছে ন্যূনতম যোগ্যতা। আগামী ২৪শে আগষ্ট পর্যন্ত পঞ্চাশ টাকার বিনিময়ে কলেজ হইতে ভর্তি ফরম বিলি করা হইবে।